গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/১, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১

নম্বর: ১৫.৫৫.০০০০.৩০১.০৬.০৩৭.১৭.৮৭৩ তারিখ: ১৭.১০.২০২০ খ্রি.

বিষয়ঃ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ এর খসড়া চূড়ান্ত করণ এবং প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টম্বর,২০২০) মূল্যায়ন সহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: শাহিন ইসলাম এনডিসি, মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
তারিখ: ১৭-১০-২০২০ খ্রিস্টাব্দ
সময়: বিকেল ৩:৩০মি.
স্থান: সভাকক্ষ
উপস্থিতিঃ পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা প্রস্তাবের জন্য তিনি সদস্য সচিব কে আহবান জানান। সদস্য সচিব জানান যে, গত ১৮ই জুন ২০২০ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন করা হয়। তথ্য মন্ত্রণালয়ের প্রথম ত্রৈমাসিকে ফিডব্যাক সভাতে যাচাই-বাছাই করে সহকারি সচিব জনাব রাসেদুজ্জামান জানান যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাতে সামান্য সংশোধনী আনতে হবে। সে মোতাবেক সংশোধনী এনে একটি সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়। নৈতিকতা কমিটির সকল সদস্য পরিকল্পনাটি যাচাই-বাছাই করে একমত হন। সভায় উক্ত কর্মপরিকল্পনার কার্যক্রমের লক্ষ্যমাত্রা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

২।প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টম্বর,২০২০) মূল্যায়নসহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। সভাপতি জানান যে, করোনার কারণে যে লক্ষ্যমাত্রা গুলো অর্জন করা সম্ভব হয়নি, তা অক্টোবর মাসের মধ্যে বাস্তবায়ন করার জন্য সকলকে নির্দেশ প্রদান করেন। সভাপতি নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন এর জন্য অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের কে অনুরোধ জানান। মন্ত্রণালয়ে প্রথম প্রান্তিকের রিপোর্ট প্রেরন করা হয়েছে কিন্তু কোনো প্রমাণক করা হয়নি। মহা পরিচালক মহোদয় জানান যে, প্রমাণকসহ প্রথম প্রান্তিকের রিপোর্ট প্রেরন করতে হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩এর লক্ষ্যমাত্রায় নীতিমালাগুলো দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য মহাপরিচালক মহোদয় সকলকে অনুরোধ জানান।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
(ক) তথ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার সংশোধনপূর্বক চূড়ান্ত অনুমোদন করা হয়, যা দ্রুততম সময়ের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।
(খ) প্রথম প্রান্তিকের প্রমাণক তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
(গ) শুদ্ধাচার পরিকল্পনায় যে সকল প্রশিক্ষণ রয়েছে সেগুলো অভ্যন্তরীণ প্রশিক্ষণের আওতায় আনতে হবে এবং রিপোর্ট প্রস্তুত করতে হবে।
(ঘ) দ্রুততম সময়ের মধ্যে অংশীজনের সভা আহবান করতে হবে।
০৪। আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/১০/২০

শাহিন ইসলাম এনডিসি
মহাপরিচালক ( অতিরিক্ত সচিব)
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

**সচিব**
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ.ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
পিএবিএক্স-৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স-৫৫০৭৯৪৪৩
e-mail-dg@nimc.gov.bd, web- www.nimc.gov.bd

নম্বর ঃ ১৫.৫৫.০০০০.৩০১.০৬.১৪৬.১৯. ৮৭২ ১৭ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

## সভার বিজ্ঞপ্তি

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রশিক্ষণ বিষয়ক সভা আগামী ১৭ অক্টোবর ২০২০ তারিখ বেলা ১১:৩০ মিনিটে "জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা এ ইনস্টিটিউটের সভাকক্ষে (গন্ধরাজ, কক্ষ নম্বর-৩৪০) অনুষ্ঠিত হবে। ইনস্টিটিউটের মহাপরিচালক বেগম শাহিন ইসলাম,এনডিসি উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সকল সদস্যদের যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্য সূচি**

১। জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির
২। বিবিধ (যদি থাকে)।

১৭.১০.২০২০
(মোঃ সোহেল রানা)
উপ-পরিচালক (প্রশাসন)
দূরা : ৫৫০৭৯৪৫০

**বিতরণ :**

১। জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সকল সদ্য, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা ।
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৪। সংশ্লিষ্ট নথি।

# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

## ঢাকা

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা।

স্থান : জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

তারিখ : ১৭-১০-২০২০।

সময় : বেলা ০৩:৩০ মিনিট।

(উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা)

| সংখ্যা ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | বিধান চন্দ্র কর্মকার ADG. | বিধান 17/10/2020 |
| ২. | মো: নজরুল ইসলাম, পরিচালক (প্র: প্রশা:) | 17.10.20 |
| ৩. | মো: সুলতানুল আলম পরিচালক (প্র:উ:) | 17/10/20 |
| ৪. | মো: সোহেল রানা উপ-পরিচালক | 17/10/20 |
| ৫. | মো: জাহিদুল ইসলাম পরিচালক (প্রশি: অনু:) | 17.10.2020 |

শাহিন ইসলাম
17/10/20

শাহিন ইসলাম, এনডিসি
মহাপরিচালক